# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা প্রমাণ করে যে, সেটি এমন দন্ডনীয় কাজ ছিল না যা দন্ড বিধানকে অবধারিত করে এবং এই ক্ষেত্রে উক্ত ব্যক্তি এবং এই উম্মাহর অন্য যে কোন ব্যক্তির হুকুম একই

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى أَنَّ هَذَا الْفِعْلَ لَمْ يَكُنْ بِفِعْلٍ يُوجِبُ الْحَدَّ مَعَ الْبَيَانِ بِأَنَّ حُكْمَ هَذَا السَّائِلِ وَحُكْمَ غَيْرِهِ مِنْ أُمَّةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فيه سواء

আরবী

1726 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ بِالصُّغْدِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى حَدَّثَنَا مُعْتَمِرٌ عَنْ أَبِيهِ حَدَّثَنَا أَبُو عُثْمَانَ عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ أَنَّهُ أَصَابَ مِنَ امْرَأَةٍ قُبْلَةً كَأَنَّهُ يَسْأَلُ عَنْ كَفَّارَتِهَا فَأَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا: {أَقِمِ الصَّلَاةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ ذَلِكَ ذِكْرَى لِلذَّاكِرِينَ} [هود: 114] قَالَ: فَقَالَ الرَّجُلُ: أَلِي هَذِهِ؟ قَالَ: (هِيَ لِمَنْ عَمِلَ بِهَا مِنْ أُمَّتِي)

الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1726 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (2353).

বাংলা

১৭২৬. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে উল্লেখ করেন যে, তিনি এক নারীকে চুম্বন করেছেন। সে ব্যক্তি যেন তার এই পাপের কাফফারা সম্পর্কে জিজ্ঞেস করছিলেন। অতঃপর এই আয়াত অবতীর্ণ হয়: أَقِمِ الصَّلَاةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ (“সালাত প্রতিষ্ঠা করুন দিনের দু‘প্রান্তে এবং রাতের প্রথমাংশে। নিশ্চয়ই পুণ্যসমূহ মন্দকর্মকে মিটিয়ে দেয়।”– সূরা হুদ: ১১৪)

তখন সেই ব্যক্তি বলেন, “এই বিধান কি শুধু আমার জন্য?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “এই বিধান আমার উম্মাতের মধ্যে যারা এমন করবে, তাদের সবার জন্য প্রযোজ্য।” [1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৮৫; সহীহ মুসলিম: ২৭৬৩; আবূ দাঊদ: ৪৪৬৮; তিরমিযী: ৩১১২; সুনান বাইহাকী: ৮/২৪১; তাবারানী: ১০৪৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল : ২৩৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন